**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

## সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

**সংখ্যা : ৪০/২০১৭**

**ঢাকা, বৃহস্পতিবার ২৩ ফেব্রুয়ারি ২০১৭, ১১ ফাল্গুন ১৪২৩**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। শহীদ মিনারের পবিত্রতা নষ্টকারীরা কখনই স্বাধীনতায় বিশ্বাসী নয় : প্রধানমন্ত্রী

২। তৈরি পোশাক রপ্তানিতে শুল্কমুক্ত প্রবেশাধিকার বিস্তৃত করার চেষ্টা অব্যাহত : প্রধানমন্ত্রী

৩। বঙ্গবন্ধু আন্তর্জাতিক বিমানবন্দরের জায়গা খোঁজার কাজ শেষ : প্রধানমন্ত্রী

৪। ক্ষুধামুক্ত দেশ বিনির্মাণই সরকারের প্রধান লক্ষ্য : প্রধানমন্ত্রী

৫। আগামী ২০১৮ সালের পর দেশে গ্যাসের সমস্যা হবে না : অর্থমন্ত্রী

৬। সবার জন্য আবাসন ছাড়া দেশ উন্নতি লাভ করতে পারে না : বাণিজ্যমন্ত্রী

৭। শিপ রিসাইক্লিং শিল্পে শ্রমিকদের কর্ম পরিবেশ উন্নত করা হচ্ছে : শিল্পমন্ত্রী

৮। তালিকাভুক্ত হকারদের শ্রমিক হিসেবে বিদেশে পাঠানোর পরিকল্পনা নেয়া হচ্ছে : স্থানীয় সরকার মন্ত্রী

৯। শর্ত পূরণে ব্যর্থ বেসরকারি বিশ্ববিদ্যালয় চলতে দেওয়া হবে না : শিক্ষামন্ত্রী

১০। গণতন্ত্রের সঙ্গে সংস্কৃতিকে সমান্তরালভাবে এগিয়ে নিতে হবে : তথ্যমন্ত্রী

১১। মেরিন একাডেমিতে পুরুষের পাশাপাশি নারীদেরও অন্তর্ভুক্ত করা হয়েছে : নৌ পরিবহণ মন্ত্রী

চলমান পাতা-২

১। **শহীদ মিনারের পবিত্রতা নষ্টকারীরা কখনই স্বাধীনতায় বিশ্বাসী নয় : প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা শ্রদ্ধা নিবেদনকালে পবিত্র শহীদ মিনারকে অবমাননার জন্য বিএনপি নেত্রী বেগম খালেদা জিয়ার কঠোর সমালোচনা করে বলেছেন, তারা দেশের স্বাধীনতায় বিশ্বাস করেন না, তাহলে দেশের ভাষা, সংস্কৃতি, ঐতিহ্য ও মহান মুক্তিযুদ্ধের বিজয় কীভাবে উপলব্ধি করবে। এ কারণেই শহীদ মিনারে কোথায় ফুল দিতে হয় তা জানে না। যারা দেশের স্বাধীনতায় বিশ্বাস করে না, বঙ্গবন্ধুর খুনী ও যুদ্ধাপরাধীদের মন্ত্রী বানায়, আন্দোলনের নামে মানুষকে পুড়িয়ে হত্যা করে, জঙ্গীবাদ সৃষ্টি করে, তাদের কাছে দেশের ঐতিহ্য, সংস্কৃতি, সাহিত্য ও মুক্তিযুদ্ধের বিজয়ের কোনো মূল্য থাকতে পারে না। গতকাল ২২ ফেব্রুয়ারি বুধবার রাজধানীর খামারবাড়ির কৃষিবিদ ইনস্টিটিউশন মিলনায়তনে ২১ ফেব্রুয়ারি আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে আওয়ামী লীগ আয়োজিত আলোচনা সভায় সভাপতির বক্তব্যে এ কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৩), **সমকাল** (পৃ.২,ক.৬), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.১), **অবজারভার** (পৃ.১,ক.২)। **ইনকিলাব, প্রথম আলো, সমকাল, জনকণ্ঠ, অবজারভার**সহ অধিকাংশ পত্রিকা এ বিষয়ে ছবিসহ খবর ছেপেছে।

২। **তৈরি পোশাক রপ্তানিতে শুল্কমুক্ত প্রবেশাধিকার বিস্তৃত করার চেষ্টা অব্যাহত : প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, তৈরি পোশাক রপ্তানিতে বিশ্বব্যাপী শুল্কমুক্ত ও কোটামুক্ত প্রবেশাধিকার বিস্তৃত করার প্রচেষ্টা অব্যাহত রেখেছে সরকার। তিনি বলেন, ইতোমধ্যে ইউরোপীয় ইউনিয়নভুক্ত দেশগুলোসহ বেশ কিছু দেশ পোশাক রপ্তানিতে বাংলাদেশকে শুল্কমুক্ত সুবিধা দিয়েছে। তিনি জানান, বর্তমানে কানাডা, অস্ট্রেলিয়া, নিউজিল্যান্ড, জাপান, সুইজারল্যান্ড, নরওয়ে, চীন, ভারত প্রভৃতি দেশে তৈরি পোশাক রপ্তানিতে বাংলাদেশ শুল্কমুক্ত সুবিধা পাচ্ছে। গতকাল ২২ ফেব্রুয়ারি বুধবার দশম জাতীয় সংসদের ১৪তম অধিবেশনের ২০তম কার্যদিবসে প্রধানমন্ত্রীর জন্য নির্ধারিত প্রশ্নোত্তর পর্বে তিনি এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.২), **যুগান্তর** (পৃ.৩,ক.১), **ইনকিলাব** (পৃ.১,ক.৫)।

৩। **বঙ্গবন্ধু আন্তর্জাতিক বিমানবন্দরের জায়গা খোঁজার কাজ শেষ : প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, ঢাকায় বঙ্গবন্ধু শেখ মুজিব আন্তর্জাতিক বিমানবন্দর নির্মাণের জন্য জায়গা খোঁজার কাজ শেষে হয়েছে। তিনি বলেন, ঢাকাকে প্রাচ্য ও প্রাশ্চাত্য বিমান চলাচলের হাব হিসেবে গড়ে তোলার জন্য এই বিমানবন্দর নির্মাণের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। গতকাল ২২ ফেব্রুয়ারি বুধবার দশম জাতীয় সংসদের ১৪তম অধিবেশনের ২০তম কার্যদিবসে প্রধানমন্ত্রীর জন্য নির্ধারিত প্রশ্নোত্তর পর্বে তিনি এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (পৃ.১৫,ক.৭), **সমকাল** (পৃ.২,ক.৫), **প্রথম আলো** (পৃ.১,ক.৩)।

৪। **ক্ষুধামুক্ত দেশ বিনির্মাণই সরকারের প্রধান লক্ষ্য : প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, বর্তমান সরকারের প্রধান লক্ষ্যই হচ্ছে স্থায়ীভাবে দারিদ্র্য মুক্তির মাধ্যমে একটি ক্ষুধামুক্ত মধ্যম আয়ের বাংলাদেশ বিনির্মাণ করা। দেশের একটি লোকও ভিক্ষা করবে না, না খেয়ে থাকবে না, যাতে নিজের পায়ে দাঁড়িয়ে স্বাবলম্বী হয়ে উঠতে পারে সেটিই বর্তমান আওয়ামী লীগ সরকারের লক্ষ্য। ডেপুটি স্পীকার এ্যাডভোকেট ফজলে রাব্বি মিয়ার সভাপতিত্বে বুধবার জাতীয় সংসদের টেবিলে উত্থাপিত প্রধানমন্ত্রীর জন্য নির্ধারিত প্রশ্নোত্তর পর্বে লিখিত জবাবে তিনি এসব কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.২), **অবজারভার** (পৃ.১৬,ক.১), **ডেইলি সান** (পৃ.২,ক.২)।

৫। **আগামী ২০১৮ সালের পর দেশে গ্যাসের সমস্যা হবে না : অর্থমন্ত্রী**

অর্থমন্ত্রী আবুল মাল আব্দুল মুহিত বলেছেন, আগামী ২০১৮ সালের পর দেশে গ্যাসের কোনো সমস্যা হবে না। তখন এ সংশ্লিষ্ট শিল্পের বিকাশ ঘটবে। গতকাল ২২ ফেব্রুয়ারি বুধবার সিলেটে চেম্বার অফ কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির ৫০ বছর পূর্তি অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। তিনি আরো বলেন, সিলেটের মানবসম্পদ বিশ্বের বিভিন্ন দেশের উন্নয়নে অবদান রাখছে। এই মানবসম্পদ আমাদের দেশে কাজে লাগাতে হবে। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.১), **প্রথম আলো** (পৃ.১৩,ক.৫), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ.,ক.৬), **এশিয়ান এজ** (পৃ.১২,ক.১)।

৬। **সবার জন্য আবাসন ছাড়া দেশ উন্নতি লাভ করতে পারে না : বাণিজ্যমন্ত্রী**

সবার জন্য আবাসন ব্যবস্থা ছাড়া পৃথিবীর কোনো দেশ উন্নতি লাভ করতে পারে না বলে মন্তব্য করেছেন, বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমদে। তিনি বলেন, দেশকে এগিয়ে নিতে অর্থনৈতিক উন্নতির সঙ্গে সবার জন্য আবাসন নিশ্চিতে কাজ করে যাচ্ছে সরকার। গতকাল ২২ ফেব্রুয়ারি বুধবার রাজধানীর সিরডাপ মিলনায়তনে রিয়েল এস্টেট অ্যান্ড হাউজিং অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (রিহ্যাব) আয়োজিত বর্ষসেরা



সাংবাদিক পুরস্কার ২০১৫ প্রদান অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (পৃ.১৪,ক.২), **প্রথম আলো** (পৃ.১২,ক.৪), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.১)।

**৭। শিপ রিসাইক্লিং শিল্পে শ্রমিকদের কর্ম পরিবেশ উন্নত করা হচ্ছে : শিল্পমন্ত্রী**

শিল্পমন্ত্রী আমির হোসেন আমু বলেছেন, দেশের স্টিল ও রি-রোলিং কারখানাগুলোর অধিকাংশ কাঁচামাল আসছে শিপ রিসাইক্লিং শিল্পখাত থেকে। ইতোমধ্যে শিপ রিসাইক্লিং শিল্পে কর্মরত শ্রমিক ও কর্ম পরিবেশের উন্নয়নে কার্যকর পদক্ষেপ নেওয়া হয়েছে। পরিবেশ ও শ্রম নিরাপত্তা ইস্যুতে বাংলাদেশের শিপ রিসাইক্লিং শিল্পের বিষয়ে বিতর্ক থাকলেও বর্তমানে এখাতে উদাহরণ সৃষ্টি করার মতো শিল্প গড়ে উঠেছে। এসব শিল্প দেশীয় ও আন্তর্জাতিক আইন-কানুন ও গুণগতমান অনুসরণ করছে। শিপ রিসাইক্লিং শিল্পখাতের স্বার্থে নিরাপদ ও পরিবেশ বান্ধব জাহাজ রিসাইক্লিং প্রকল্প সম্প্রসারণের প্রতি সরকারের সমর্থন অব্যাহত থাকবে বলে তিনি জানান। শিল্পমন্ত্রী গতকাল ২২ ফেব্রুয়ারি বুধবার রাজধানীর একটি হোটেলে শিল্প মন্ত্রণালয় বাস্তবায়িত 'নিরাপদ ও পরিবেশবান্ধব জাহাজ রিসাইক্লিং' প্রকল্পের সমাপনী কর্মশালায় প্রধান অতিথির বক্তব্যে এ কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৮,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৯,ক.১)।

**৮। তালিকাভুক্ত হকারদের শ্রমিক হিসেবে বিদেশে পাঠানোর পরিকল্পনা নেয়া হচ্ছে : স্থানীয় সরকার মন্ত্রী**

ঢাকা দক্ষিণ ও উত্তর সিটি করপোরেশনের তালিকাভুক্ত হকারদের পুনর্বাসনে শ্রমিক হিসেবে বিদেশে পাঠানোর পরিকল্পনা নেয়া হচ্ছে বলে জানিয়েছেন স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায়মন্ত্রী ইঞ্জিনিয়ার খন্দকার মোশাররফ হোসেন। গতকাল ২২ ফেব্রুয়ারি বুধবার জাতীয় সংসদের টেবিলে উত্থাপিত এক প্রশ্নের জবাবে মন্ত্রী এসব কথা বলেন। মন্ত্রী বলেন, হকারদের আবেদন সাপেক্ষে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের মাধ্যমে তাদের বিদেশে পাঠানোর পরিকল্পনা নেয়া হয়েছে। ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের উদ্যোগে মাঠ পর্যায় জরিপ করে গুলিস্তান, মতিঝিল এলাকায় দুই হাজার ৫০২ জন হকারের তালিকা তৈরি করা হয়েছে। যার হালনাগাদ কাজ চলছে। হকারদের পুনর্বাসনে বিদেশে পাঠানোর পরিকল্পনার পাশাপাশি সরকারি-বেসরকারি সংস্থায় কেউ চতুর্থ শ্রেণীর পদে চাকরি করতে আগ্রহী হলে সে বিষয়েও ঢাকা দক্ষিণ সিটি করপোরেশন সহায়তা করবে মর্মে সিদ্ধান্ত রয়েছে। সূত্র-**ইনকিলাব** (পৃ.৩,ক.৬) **যুগান্তর** (পৃ ২,ক.৩), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.৩), **অবজারভার** (শেষ পৃ.,ক.৬)।

**৯। শর্ত পূরণে ব্যর্থ বেসরকারি বিশ্ববিদ্যালয় চলতে দেওয়া হবে না : শিক্ষামন্ত্রী**

মুনাফার উদ্দেশ্যে কোনো বেসরকারি বিশ্ববিদ্যালয় চলতে দেওয়া হবে না বলে জানিয়েছেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। তিনি বলেছেন, যে সকল বেসরকারি বিশ্ববিদ্যালয় নির্ধারিত শর্ত পূরণ করতে ব্যর্থ হয়েছে, যারা নিজস্ব ক্যাম্পাসে যায়নি, যারা একাধিক ক্যাম্পাস পরিচালনা করছে তাদের বিরুদ্ধে শিক্ষার্থী ভর্তি বন্ধসহ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। গতকাল ২২ ফেব্রুয়ারি বুধবার আশুলিয়ায় ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির (ডিআইইউ) নিজস্ব ক্যাম্পাসে বিশ্ববিদ্যালয়ের ষষ্ঠ সমাবর্তনে সভাপতির বক্তৃতায় মন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৩,ক.৫),**সমকাল** (পৃ.১৯,ক.৫), **ইনকিলাব** (পৃ.১,ক.৫), **বাংলাদেশ টুডে** (পৃ.৩,ক.৬)।

**১০। গণতন্ত্রের সঙ্গে সংস্কৃতিকে সমান্তরালভাবে এগিয়ে নিতে হবে : তথ্যমন্ত্রী**

বাংলাদেশ সামরিক স্বৈরতন্ত্র থেকে বেরিয়ে গণতন্ত্রের দিকে হাঁটছে। অর্থনৈতিক ঘাটতি পূরণ করা গেলেও সাংস্কৃতিক ঘাটতি অপূরণীয়। ফলে গণতন্ত্র আর অর্থনৈতিক উন্নয়নের সঙ্গে সংস্কৃতিকেও সমান্তরালভাবে এগিয়ে নিতে হবে। গতকাল ২২ ফেব্রুয়ারি বুধবার জাতীয় জাদুঘরের সুফিয়া কামাল মিলনায়তনে 'সাংস্কৃতিক ঘাটতি ও প্রগতির

অন্ধকার’ শীর্ষক এক বক্তৃতায় তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.২,ক.৩), **প্রথম আলো** (পৃ.৪,ক.৫), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ.,ক.৪), **এশিয়ান এজ** (পৃ.৩,ক.৬)।

**১১। মেরিন একাডেমিতে পুরুষের পাশাপাশি নারীদেরও অন্তর্ভুক্ত করা হয়েছে : নৌ পরিবহণ মন্ত্রী**

নৌ পরিবহণ মন্ত্রী শাহজাহান খান এমপি বলেছেন, মেরিন একাডেমিতে পুরুষের পাশাপাশি নারীদেরও অন্তর্ভুক্ত করা হয়েছে। গতকাল ২২ ফেব্রুয়ারি বুধবার কালীগঞ্জ উলুখোলা এলাকার ইন্টারন্যাশনাল মেরিটাইম একাডেমির প্রি-সি ক্যাডেটদের ষষ্ঠ ব্যাচের পাসিং আউট অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। তিনি বলেন, মেরিটাইম একাডেমির নাবিকরা দেশের জন্য গুরুত্বপূর্ণ অবদান রাখছে। এ সময় দেশের ভাবমূর্তি উজ্জ্বল রাখতে ক্যাডেটদের প্রতি আহ্বান জানান নৌ পরিবহণ মন্ত্রী। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৫,ক.৪), **প্রথম আলো** (পৃ.৩,ক.১)।



## সম্পাদকীয়

ক. **ইত্তেফাক :** রাজধানীর সর্বমোট ২১৫টি যাত্রী ছাউনির বেশিরভাগই অবৈধ দখলে থাকায় জনদুর্ভোগ বিবেচনায় নিয়ে যাত্রী ছাউনিগুলো অবৈধ দখলমুক্ত করে ব্যবহার উপযুক্ত করাসহ প্রয়োজনে ছাউনির সাথে সঙ্গতি রেখে বাস কাউন্টার ও স্টপেজ পুনবিন্যস্ত করার সুপারিশ।

খ. **সংবাদ :** ব্লগার রাজীব হত্যা মামলায় মৃত্যুদণ্ডপ্রাপ্ত আসামি জঙ্গি রানার নতুন পাসপোর্ট পাওয়ার ঘটনা জাতীয় নিরাপত্তার জন্য হুমকি হওয়ায় কর্তৃপক্ষকে বিষয়টি গুরুত্বের সঙ্গে নিয়ে জড়িতদের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার আহ্বান।

গ. **জনকণ্ঠ :** দেশে সাম্প্রতিককালে আশঙ্কাজনক হারে শিশু নির্যাতনের ঘটনা বেড়ে যাওয়ায় উদ্বেগ প্রকাশ করে এর যথার্থ কারণ ও প্রতিকার খুঁজে বের করার ওপর গুরুত্বারোপ।

ঘ. **প্রথম আলো :** সরকারি সময়সীমা ২৮ ফেব্রুয়ারির মধ্যে ট্রাক, কভার্ড ভ্যান ও বাস-মিনিবাসের ঝুঁকিপূর্ণ অবৈধ অংশ নিজ খরচে অপসারণের সিদ্ধান্ত বাস্তবায়নে কঠোরতা অবলম্বনের আহ্বান।

ঙ. **সমকাল :** চট্টগ্রাম জেলা প্রাণিসম্পদ হাসপাতালে পশু চিকিৎসক, ভেটেরিনারি সার্জন, কম্পাউন্টার এসবের কেউ না থাকার পরিপ্রেক্ষিতে কর্তৃপক্ষকে অবিলম্বে এ হাসপাতালে ন্যূনতম জনবল নিয়োগ দেওয়ার সুপারিশ।

চ. **যুগান্তর, নিউ নেশন :** বিজিবি-বিএসএফের মহাপরিচালক পর্যায়ের সীমান্ত সম্মেলনে সীমান্তে মৃত্যুর হার শূন্যের কোটায় নামিয়ে আনার বিষয়ে যে সিদ্ধান্ত হয়েছে, তা কার্যকরে উভয় পক্ষ আন্তরিক হবে বলে প্রত্যাশা।

ছ. **ইন্ডিপেনডেন্ট :** ১৫৫টি ট্যানারির মধ্যে মাত্র ৩৫টি সাভারে স্থানান্তরিত হওয়ায় অবশিষ্টদের পুনর্নির্ধারিত সময়সীমা ২৮ ফেব্রুয়ারির মধ্যে স্থানান্তরে কঠোর পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

জ. **ডেইলি সান :** পর্যাপ্ত সরবরাহ থাকা সত্ত্বেও চাল ও তেলের মূল্য বেড়ে যাওয়ায় ভোক্তা স্বার্থে সরকারকে বাজার নিয়ন্ত্রণে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার আহ্বান।

ঝ. **নিউজ টুডে :** ত্রুটিপূর্ণ যানবহন ও অদক্ষ গাড়িচালক সড়ক দুর্ঘটনার জন্য অনেকাংশে দায়ী হওয়ায় জানমালের নিরাপত্তায় কর্তৃপক্ষকে এ বিষয়ে যথাযথ পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

ঞ. **নিউ নেশন :** লালমনিরহাট জেলার কান্দর ছড়া বহুমুখী উচ্চ বিদ্যালয়ের তিন শিক্ষককে শারীরিকভাবে লাঞ্ছিত করার ঘটনা তুলে ধরে এ ধরণের ঘটনার সঠিক তদন্ত করে দোষীদের বিরুদ্ধে আইনি পদক্ষেপ নেওয়ার আহ্বান জানিয়ে সম্পাদকীয় প্রকাশ করেছে।

## উপ-সম্পাদকীয়

**জনকণ্ঠ** পত্রিকায় প্রকাশিত কলামে ছয় লাখ রোহিঙ্গা শরণার্থী সমস্যা বাংলাদেশের জন্য একটি মানুষসৃষ্ট বড় দুর্যোগ হওয়ায় বাংলাদেশের পররাষ্ট্র মন্ত্রণালয়কে এর সার্বিক দিক বিশ্ব সম্প্রদায়ের কাছে তুলে ধরতে হবে বলে উল্লেখ করা হয়েছে।

## নিবন্ধ ও ফিচার

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত **'পরিবেশ সংরক্ষণে নারী'** শিরোনামের নিবন্ধে আফরোজা নাজনীন নারী যেমন পরিবেশের ইতিবাচক দিক সংরক্ষণ করে তেমনি পরিবেশের প্রতিকূল পরিস্থিতির সঙ্গে যুদ্ধ করেও টিকে থাকে বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ডালিয়া/মরজিনা/রশীদ/তানিয়া/২০১৭/৯.০০ ঘণ্টা